بسم اللہ الرحمٰن الرحیم

বিসমিল্লাহির রাহমানির রাহীম

کریما بہ بخشائے بر حالِ ما | کہ ہستم اسیرِ کمندِ ہوا

উচ্চারণ ঃ কারীমা বেবখশায়ে বর হা-লেমা, কিহাস্তম আছীরে কামন্দে হাওয়া।

অর্থঃ হে দাতা! আমাদের অবস্থার প্রতি দয়া করুন, কারণ আমি কুপ্রবৃত্তির ফাঁদে আবদ্ধ হয়ে আছি

نداریم غیر از تو فریاد رس | توئی عاصیاں را خطا بخش و بس

উচ্চারণ ঃ নাদারেম গায়রায তু ফরইয়াদরছ, তুই আছিয়াঁরা খাত্বা বখশোবাছ।

অর্থ ঃ তুমি ছাড়া আমাদের আর কোন সাহায্যকারী নেই, তুমি পাপীদের পাপ ক্ষমাকারী এবং তুমি যথেষ্ট।

نگہدار ما را ز راہِ خطا | خطا در گذار و صوابم نما

উচ্চারণ ঃ নেগাহদার মা-রা যেরাহে খাত্বা, খাত্বা দরগুযারো ছাওয়াবম নুমা

অর্থ ঃ আমাদেরকে গোনাহের পথ থেকে রক্ষা কর, গোনাহ মাফ কর, আমাদেরকে প্রদর্শন কর সঠিক পথ।

در ثنائے پیغمبر صلی اللہ علیہ وسلم

দর ছানায়ে পয়গম্বর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

হযরত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রশংসায়

زباں تا بود در دہاں جائے گیر | ثنائے محمد بود دلپذیر

উচ্চারণ ঃ যুবাঁ তা-বুয়াদ দর দেহাঁ জায়েগীর, ছানায়ে মুহাম্মাদ বুয়াদ দেলপিযীর।

অর্থ ঃ জিহ্বা যতদিন মুখে থাকবে ততদিন মুহাম্মাদ (স) এর প্রশংসা আমার মনপুত হবে।

حبیبِ خدا اشرفِ انبیا   کہ عرشِ مجیدش بود مُتّکا

উচ্চারণ ঃ হাবীবে খোদা আশরাফে আম্বিয়া, কে আরশে মজীদশ বুয়াদ মুত্তাকা।

অর্থ ঃ আল্লাহর প্রিয় সকল নবীর সেরা। আল্লাহর মহান আরশ তাঁর হেলান দেয়ার স্থান হবে।

سوارِ جہانگیر یکراں بُراق   کہ بگذشت از قصرِ نیلی رواق

উচ্চারণ ঃ ছাওয়ারে জাহাংগীরে একরাঁ বোরাক, কেবগুযাশ্‌ত আয কাছরে নীলী রাওয়াক্ব।

অর্থ ঃ তিনি বিশ্ব বিজয়ী, দ্রুতগামী বোরাক হলো যাঁর বাহন। তাই পার হয়ে গেলেন এমন প্রাসাদ যার ছাদ হলো নীল।

خطاب بنفس

খেতাব ব নাফ্‌স

নিজের সমালোচনা (আত্ম সমালোচনা)

چہل سالِ عمرِ عزیزت گزشت   مزاجِ تو از حالِ طفلی نگشت

উচ্চারণ ঃ চেহেল ছালে ওমরে আযীযত গুযাশ্‌ত, মেযাজে তু আয হা-লে তেফলী নাগাশ্‌ত।

অর্থ ঃ তোমার প্রিয় জীবনের চল্লিশটি বছর চলে গেল, কিন্তু এখনো তোমার বাল্য অভ্যাস পরিবর্তন হয় নি।

ہمہ با ہوا و ہوس ساختی   دمے با مصالح نپرداختی

উচ্চারণ ঃ হামা বা হাওয়া ও হাওছ ছাখতী, দমে বা মাছালেহ্ নাপর্দাখ্‌তী।

অর্থ ঃ সারাটি জীবন তুমি কুপ্রবৃত্তি ও মনের চাহিদা মত চলেছ, একটি মুহূর্তের জন্যও তোমার নিজের উপকার করনি।

مکن تکیه بر عمر ناپائدار | مباش ایمن از بازئ روزگار

উচ্চারণ ঃ মাকুন তাক্য়া বর ওম্‌রে নাপা-য়েদার, মবাশ এমনায বাযিয়ে রোজগার।

অর্থঃ অস্থায়ী জীবনের উপর ভরসা করো না, কালের কুচক্র থেকে নিজেকে নিরাপদ মনে করো না।

در مدحِ کرم

দর মাদ্‌হে করম

বিনয় ও দয়া প্রদর্শনের প্রশংসায়

دلا ہر کہ بنہاد خوانِ کرم | بشد نامدار جہانِ کرم

উচ্চারণ ঃ দেলা হারকে বেনহাদ খানে করম, বশোদ না-মদারে জাহানে করম।

অর্থ ঃ হে মন! যে জন দয়া-অনুগ্রহের দস্তরখানা বিছিয়েছে, সে দয়াকারী হিসাবে জগতে প্রসিদ্ধ হয়েছে।

کرم نامدارِ جہانت کند | کرم کامگار امانت کند

উচ্চারণ ঃ করম না-মদা-রে জাহানত কুনাদ, করম কামেগারে আমানত কুনাদ।

অর্থ ঃ দয়া তোমাকে পৃথিবীতে নামী-দামী করে দিবে, দয়া তোমার নিরাপত্তায় তোমাকে সফলকাম করে দিবে।

ورائے کرم در جہاں کار نیست | وزیں گرم تر ہیچ بازار نیست

উচ্চারণ ঃ অরায়ে করম দর জাহাঁ কারে নে-স্ত, অযীঁ গর্‌মতর হে-চ্‌ বাজারে নে-স্ত।

অর্থ ঃ এ পৃথিবীতে দয়ার চেয়ে উত্তম আর কোন কাজ নেই, দয়ার চেয়ে জাঁকজমকপূর্ণ কোন বাজার নেই।

উচ্চারণ ঃ করম মা-য়ায়ে শাদমানী বুয়াদ, করম হাসেলে জিন্দেগানী বুয়াদ।

অর্থ ঃ অনুগ্রহ ও দয়া হলো খুশীর মূলমন্ত্র, দয়া-মায়া জীবনের নির্যাস ও সারমর্ম।

دلِ عالمے از کرم تازہ دار   جہاں زبخشش پُر آوازہ دار

উচ্চারণ ঃ দেলে 'আলমে আজ করম তাজাদার, জাহাঁরা যে বাখশিশ পুর আওয়াযাহ দার।

অর্থ ঃ দয়া-মায়ার মাধ্যমে সারা পৃথিবীবাসীকে সজীব রাখ, এ জগতকে দয়া-মায়া দ্বারা পরিপূর্ণ করে দাও।

ہمہ وقت شو در کرم مستقیم   کہ ہست آفرینندۂ جاں کریم

উচ্চারণ ঃ হামা ওয়াক্ত শাও দর করম মুস্তাকীম কেহাস্ত- আফরীনিন্দায়ে জাঁ করীম।

অর্থ ঃ তুমি সর্বদা দান-দক্ষিণায় অটল থাক, কারণ প্রাণস্রষ্টাও পরম দয়াবান।

در صفتِ سخاوت

দর ছিফতে ছাখাওয়াত

দানশীলতার প্রশংসায়

سخاوت کند نیک بخت اختیار   کہ مرد از سخاوت شود بختیار

উচ্চারণ ঃ ছাখাওয়াত কুনাদ নেকবখত ইখতিয়ার, কে মর্দায ছাখাওয়াত শাওয়াদ বখতিয়ার।

অর্থ ঃ সৌভাগ্যবান ব্যক্তিই দানশীলতা অবলম্বন করে, কেননা দানশীলতার মাধ্যমে মানুষ ভাগ্যবান হয়।

بلطف وسخاوت جہانگیر باش | دراقلیم لطف وسخا میر باش

উচ্চারণ ঃ বলুতফো ছাখাওয়াত জাহাঁগীর বাশ, দরাক্বলীমে লুতফো ছাখা মীর বাশ।

অর্থ ঃ অনুগ্রহ ও দয়ার মাধ্যমে পৃথিবীতে শ্রেষ্ঠ হও, দয়া ও দানশীলতার দ্বারা হও তুমি শীর্ষ ব্যক্তি।

سخاوت بود کار صاحبدلاں | سخاوت بود پیشۂ مقبلاں

উচ্চারণ ঃ ছাখাওয়াত বুয়াদ কারে ছাহেবদেলাঁ, ছাখাওয়াত বুয়াদ পেশায়ে মুক্ববেলাঁ।

অর্থ ঃ দান-খয়রাত করা হৃদয়বান মানুষের কাজ, দানশীলতা পেশা হলো জনপ্রিয় লোকদের।

سخاوت مس عیب را کیمیاست | سخاوت ہمہ دردہا را دواست

উচ্চারণ ঃ ছাখাওয়াত মছে আয়বেরা কীমিয়াস্ত, ছাখাওয়াত হামা দর্দহা-রা দাওয়াস্ত।

অর্থ ঃ দানশীলতা ত্রুটিযুক্ত তামার জন্য পরশ-পাথর, দানশীলতা সকল ব্যথার ওষুধ।

مشو تا تواں از سخاوت بری | کہ گوئے بہی از سخاوت بری

উচ্চারণ ঃ মাশাও তা তাওয়াঁ আয ছাখাওয়াত বারী, কেগুয়ে বেহী আয ছাখাওয়াত বারী।

অর্থ ঃ যথা সম্ভব দানশীলতা থেকে পৃথক/দূরে থেক না, কারণ দানশীলতার মধ্যে সর্বপ্রকার কল্যাণ রয়েছে।

در مذمت بخیل

দর মাযাম্মাতে বখীল
কৃপণতার নিন্দায়

اگر چرخ گردد بکام بخیل | ور اقبال باشد غلام بخیل

উচ্চারণ ঃ আগার চার্খে গর্দাদ বকামে বখীল, অরেক্ববাল বাশদ গোলামে বখীল।

অর্থ ঃ যদি কৃপণের উদ্দেশ্য পূরণে আকাশও ঘুরে যায়, আর যদি ধনাঢ্যতা কৃপণের [illegible]

উচ্চারণ ঃ অগার দর কাফশ গঞ্জে ক্বারূঁ বুয়াদ, ওগার তাবে'আশ রোবয়ে মাছ্কূঁ বুয়াদ।

অর্থ ঃ কৃপণের হাতে যদি কারূনের ধনভান্ডারও এসে যায়, সারা দুনিয়া তার তাবেদার ও অনুগতও হয়ে যায়।

نیرزد بخیل آنکہ نامش بری　　وگر روزگارش کند چاکری

উচ্চারণ ঃ নাইয়ার্যদ বখীলাঁকে নামশ বুরী, অগার রোযগারশ কুনাদ চাকরী।

অর্থ ঃ তা সত্ত্বেও কৃপনের নাম তোমার মুখে উচ্চারণ করার যোগ্য নয়, যদিও সমস্ত সৃষ্টি যুগযুগ ধরে তার চাকুরী করে থাকে।

مکن التفاتے بمالِ بخیل　　مبر نامِ مال ومالِ بخیل

উচ্চারণ ঃ মাকুন এলতেফাতে বমা'লে বখীল, মবর নামে মালো মানা'লে বখীল।

অর্থ ঃ তুমি কৃপণের ধন-সম্পদের দিকে তাকাবে না, কৃপণের ধন-দৌলতের নামও মুখে উচ্চারণ করো না।

بخیل ار بود زاہدِ بحر و بر　　بہشتی نباشد بحکمِ خبر

উচ্চারণ ঃ বখীলার বুয়াদ যাহেদে বাহ্‌রো বর, বেহেশ্‌তী নাবাশদ বহুকমে খবর।

অর্থ ঃ কৃপণ যদিও জলভাগ ও স্থলভাগে পরহেজগার নামে পরিচিত হোক না কেন, হাদীসের নির্দেশ অনুযায়ী সে বেহেশতে যাবে না।

بخیل ارچہ باشد توانگر بمال　　بخواری چو مفلس خورد گوشمال

উচ্চারণ ঃ বখীলারচে বাশদ তাওয়াংগার বমাল, বখারী চুঁ মুফলিছ খুরাদ গোশমাল।

অর্থ ঃ কৃপণ যদিও ধন-সম্পদে ধনী হোক না কেন- তা সত্ত্বেও ভিক্ষুকের মত কানমলা খেতে থাকে।

سخیاں ز اموال بر می خورند — بخیلاں غم سیم و زر می خورند

উচ্চারণ ঃ ছখীয়াঁ যেআমওয়া-লে বর মী খুরান্দ, বখীলাঁ গমে সীমো যর মী খুরান্দ।

অর্থ ঃ দানশীল লোকেরা নিজ মাল-দৌলত দ্বারা ফল বা উপকার অর্জন করে, আর কৃপণরা সোনা-রূপার চিন্তায় অস্থির থাকে।

در صفتِ تواضع

দর ছিফাতে তাওয়াযো'

নম্রতার প্রশংসায়

دلا گر تواضع کنی اختیار — شود خلق دنیا ترا دوستدار

উচ্চারণ ঃ দেলাগর তাওয়যো' কুনী ইখতিয়ার, শাওয়াদ খালক্বে দুন্য়া তোরা দোস্তদার।

অর্থ ঃ হে মন! তুমি যদি নম্র-ভদ্র হও, তাহলে প'থিবীর সকল সৃষ্টি তোমার বন্ধু হয়ে যাবে।

تواضع زیادت کند جاه را — که از مهر پرتو بود ماه را

উচ্চারণ ঃ তাওয়াযো' যিয়াদত কুনাদ জা-হরা, কে আয মাহরে পারতাও বুয়াদ মা-হরা।

অর্থ ঃ বিনয় মানুষের সম্মান এমনিভাবে বৃদ্ধি করে দেয়, যেমনিভাবে অন্ধকারাচ্ছন্ন থেকে ধীরে ধীরে চন্দ্র পূর্ণ আলোর অধিকারী হয়।

تواضع بود مایهٔ دوستی — که عالی بود پایهٔ دوستی

উচ্চারণ ঃ তাওয়াযো' বুয়াদ মা-য়ায়ে দোস্তী, কে আলী বুয়াদ পা-য়ায়ে দোস্তী।

অর্থ ঃ নম্রতা-বিনম্রতা বন্ধুত্বের পুঁজি, যার কারণে বন্ধুত্বের মর্যাদা অতি উচ্চ হয়ে যায়

تواضع کند مرد را سرفراز — بود سروران را طراز

উচ্চারণ ঃ তাওয়াযো' কুনাদ মর্দরা ছারফরায, তাওয়াযো' বুয়াদ ছারওয়ারাঁ রা ত্বরায।

অর্থ ঃ নম্রতা-ভদ্রতা মানুষকে নেতা বানিয়ে দেয়। আর নম্রতা হলো নেতৃস্থানীয় লোকদের সৌন্দর্য।

উচ্চারণ ঃ তাওয়াযো' কুনাদ হারকে হাস্ত- আ-দমী, না যেবদ যেমার্দুম বজুয মার্দুমী।

অর্থ ঃ মানুষ মাত্রই নম্রতা করা উচিৎ, যেহেতু মানুষের জন্য মানবতা ছাড়া অন্য কিছু শোভা পায় না।

تواضع کند ہوشمند گزیں | نہد شاخ پر میوہ سر بر زمیں

উচ্চারণ ঃ তাওয়াযো' কুনাদ হোশমান্দে গুযী, নেহাদ শাখে পুরমেওয়া ছার বর জমী।

অর্থ ঃ বুদ্ধিমান লোকেরাই নম্রতা-ভদ্রতা পছন্দ করে, যেমন ফলদার ডাল জমিনের দিকে মাথা নত করে থাকে।

تواضع بود حرمت افزائے تو | کند در بہشت [illegible] جائے تو

উচ্চারণ ঃ তাও[illegible] [illegible]ুনাদ হোরমাত আফযায়ে তু, কুনাদ দর বেহেশতে বরী জা-য়ে তু।

অর্থ ঃ বিনয় [illegible] মর্যাদা বৃদ্ধি করবে, সুউচ্চ বেহেশতে তোমার স্থান করে দিবে।

تواضع کلید در جنت ست | سرافرازی و جاہ را زینت ست

উচ্চারণ ঃ তাওয়াযো' কিলীদে দরে জান্নাতাস্ত, ছারাফরাযিও জাহরা যীনাতাস্ত।

অর্থ ঃ নম্রতা জান্নাতের দরজার চাবী, মর্যাদা ও নেতৃত্বের শোভা।

کسے را کہ گردن کشی در سرست | تواضع ازو یافتن خوشترست

উচ্চারণ ঃ কাছেরাকে গর্দান কাশী দর ছারাস্ত, তওয়াযো' আয্ ইয়াফ্তান্ খুশতারাস্ত।

অর্থ ঃ যার মস্তিষ্ক অহংকারে পূর্ণ রয়েছে, তার নিকট থেকে বিনয় প্রকাশ পাওয়া খুবই উত্তম।

کسے را کہ عادت تواضع بود | زجاہ و جلالت تمتع بود

উচ্চারণ ঃ কাছেরাকে 'আদত তওয়াযো' বুয়াদ, যেজাহো জালালশ তামাত্তো' বুয়াদ।

অর্থ ঃ বিনয় যার অভ্যাসে পরিণত হয়েছে, তার ইজ্জত সম্মানের দ্বারা সে খুব উপকৃত হয়।

تواضع عزیزت کند در جہاں | گرامی شوی پیش دلہا چو جاں

উচ্চারণ ঃ তাওয়াযো' 'আযীযত কুনাদ দর জাহাঁ, গেরামী শাভী পেশে দেলহা চু জাঁ।

অর্থ ঃ নম্রতা তোমাকে পৃথিবীতে প্রিয় ও সম্মানিত করে দেবে, লোকেরা তোমাকে স্বীয় প্রাণের ন্যায় ভালবাসবে।

تواضع مدار از خلائق دریغ | کہ گردن ازاں برکشی ہمچو تیغ

উচ্চারণ ঃ তাওয়াযো' মাদা-রায খালায়েক্ব দরীগ, কে গর্দান আযাঁ বর কাশী হামচু তে-গ।

অর্থ ঃ আল্লাহর বান্দাদের সাথে বিনয়-নম্রতা দেখাতে সংকোচ করো না, কারণ বিনয় দ্বারা তরবারীর মত তোমার মর্যাদা-মহত্ব লাভ হবে।

تواضع زگردن فرازاں نکوست | گدا اگر تواضع کند خوئے اوست

উচ্চারণ ঃ তাওয়াযো' যেগার্দান ফারাযাঁ নেকোস্ত, গাদা গর তাওয়াযো' কুনাদ খূ-য়ে উস্ত।

অর্থ ঃ উচ্চ মর্যাদাশীল ব্যক্তিদের বিনয় ও নম্রতা-ভদ্রতা থাকা খুবই উত্তম। কারণ ভিক্ষুক যদি বিনয়ী হয়, তা তো তার স্বভাবই।

در مذمت تکبّر

দর মাযাম্মাতে তাকাব্বুর

অহংকারের নিন্দায়

تکبر مکن زینہار اے پسر | کہ روزے زدستش در آئی بسر

উচ্চারণ ঃ তাকাব্বুর মাকুন যীনহার আয় পেছার, কেরোযে যে দস্তাশ দরা-ই বছার।

অর্থ ঃ হে বেটা! কখনো অহংকার করো না, কারণ তুমি একদিন অহংকারের হাতে অপদস্থ-অপমানিত হবে।

تکبر ز دانا بود ناپسند غریب آید ایں معنی از ہوشمند

উচ্চারণ ঃ তাকাব্বুর যে দানা বুয়াদ না পছন্দ, গরীব আয়াদ ঈঁ মা'না আয হোশমান্দ।

অর্থ ঃ জ্ঞানীজনদের নিকট অহংকার খুবই অপছন্দনীয়, এ কাজ বুদ্ধিমানদের থেকে প্রকাশ পাওয়া খুবই বিস্ময়ের ব্যাপার।

تکبر بود عادتِ جاہلاں تکبر نیاید ز صاحب دلاں

উচ্চারণ ঃ তাকাব্বুর বুয়াদ 'আদতে জাহেলাঁ, তাকাব্বুর নায়ায়াদ যে ছাহেবদেলাঁ।

অর্থ ঃ অহংকার মূর্খ লোকদের চরিত্র, আল্লাহ ওয়ালারা কখনো অহংকার করেন না।

تکبر عزازیل را خار کرد بزندانِ لعنت گرفتار کرد

উচ্চারণ ঃ তাকাব্বুর 'আযাযীলেরা খার কার্দ, বযেন্দানে লা'নত গেরেফ্‌তার কার্দ

অর্থ ঃ অহংকারই 'আযাযীল শয়তানকে লাঞ্ছিত করেছে, অভিশাপের জেলখানায় এ অহংকারের ফলেই সে বন্দী হয়েছে।

کسے را کہ خصلت تکبر بود سرش پر غرور از تصور بود

উচ্চারণ ঃ কাছেরাকে খাছলত তাকাব্বুর বুয়াদ, ছারশ পুর গুরূর আয তাছাওউর বুয়াদ।

অর্থ ঃ অহংকার যার স্বভাবে পরিণত হয়ে যায়, তার মাথা অহংকার দাম্ভিকতায় পরিপূর্ণ থাকে।

تکبر بود مایۂ مدبری تکبر بود اصلِ بدگوہری

উচ্চারণ ঃ তাকাব্বুর বুয়াদ মা-য়াযে মুদবেরী, তাকাব্বুর বুয়াদ আছলে বদ গাওহারী।

অর্থ ঃ অহংকার-গর্ব সকল দুর্ভাগ্যের কারণ হয়, সকল বজ্জাতির উৎস হলো অহংকার।

چو دانی تکبر چرا می کنی خطا می کنی و خطا می کنی

উচ্চারণ ঃ চুদানী তাকাব্বুর চেরা মীকুনী, খাত্বা মীকুনীও খাত্বা মীকুনী।

অর্থ ঃ তুমি যখন জান অহংকার খুবই খারাপ তারপরও অহংকার কেন কর? তুমি খুবই মন্দ কাজ করছ, তুমি খুবই মন্দ কাজ করছ।

در فضیلت عِلم

দর ফযীলতে 'এলম

ইলমের ফযীলত ও মর্যাদা বর্ণনায়

بنی آدم از علم یابد کمال ۔ نہ از حشمت و جاہ و مال و منال

উচ্চারণ ঃ বনী আদমায 'এল্‌ম ইয়াবদ কামাল, না আয হাশমতো জাহো মালো মানাল।

অর্থ ঃ আদম সন্তানগণ ইলম দ্বারা পূর্ণতা ও বুজুর্গী লাভ করে, জাঁকজমক, মান-মর্যাদা ও ধন-সম্পদ দ্বারা নয়।

چو شمع از پئے علم باید گداخت ۔ کہ بے علم نتواں خدارا شناخت

উচ্চারণ ঃ চুশাম' আয পায়ে 'এলম বায়াদ গুদাখত, কে বে-'এলমে নাতাওয়াঁ খোদারা শানাখ্‌ত।

অর্থ ঃ জ্ঞান অর্জন করতে মোমবাতির ন্যায় গলে যেতে হবে, কেননা জ্ঞান ছাড়া আল্লাহকে চেনা যায় না।

خردمند باشد طلبگار علم ۔ کہ گرمست پیوستہ بازار علم

উচ্চারণ ঃ খিরাদমান্দ বাশদ ত্বলবগারে 'এলম, কে গরমাস্তো পায়ওয়াস্ত বাজারে 'এলম।

অর্থ ঃ জ্ঞানী লোকেরা ইলম অর্জনে ব্যস্ত থাকে, কারণ ইলমের বাজার সর্বদা জাঁকজমকপূর্ণ।

کسے را کہ شد در ازل بختیار ۔ طلب کردنِ علم کرد اختیار

উচ্চারণ ঃ কাছেরাকে শোদ দর আযল বখতিয়ার, ত্বলব কর্দানে 'এল্‌ম কর্দ ইখতিয়ার।

অর্থ ঃ যে ব্যক্তি আদিকাল থেকে সৌভাগ্যশীল, সেই ইলম শিক্ষা গ্রহণ করেছে।

طلب کردن علم شد بر تو فرض ۔ دگر واجب ست از پیش قطع ارض

উচ্চারণ ঃ ত্বল্‌ব কর্দানে 'এলম শুদ বর তু ফরয, দিগার ওয়াজেবাসত্তআয পেশে কৃতয়ে আরয।

অর্থ ঃ ইলম শিক্ষা করা তোমার অবশ্যকর্তব্য, আর ইলম শিক্ষার জন্য দেশ ভ্রমণ করা ওয়াজিব। (অর্থাৎ যদি স্বদেশে ইলম অর্জন করা না যায় তাহলে ইলম অর্জনের লক্ষ্যে সফর করা ওয়াজিব তথা আবশ্যক।)

که علمت رساند بدار القرار	برو دامنِ علم گیر استوار

উচ্চারণ ঃ বেরাও দামনে 'এলম গীর উস্তওয়ার, কে ইলমত রাসানদ বদারুল ক্বারার।

অর্থ ঃ যাও ইলমে দ্বীনের আঁচলকে শক্ত করে ধর, কেননা ইলম তোমাকে জান্নাত পর্যন্ত পৌঁছে দেবে।

که بے علم بودن بود غافلی	میاموز جز علم گر عاقلی

উচ্চারণ ঃ মায়ামূয জুয 'এলম গর 'আক্বেলী, কে বে 'এলমে বূদান বুয়াদ গাফেলী।

অর্থ ঃ তুমি যদি বুদ্ধিমান হয়ে থাক, তাহলে ইলম ছাড়া অন্য কিছু শিখবে না, কারণ ইলমহীন থাকা চরম মূর্খতা।

که کار تو از علم گیرد نظام	ترا علم در دین و دنیا تمام

উচ্চারণ ঃ তোরা 'এল্‌ম দর দীনো দুন্‌য়া তামাম, কে কারে তু আয 'এলম গীরাদ নেযাম।

অর্থ ঃ দুনিয়া-আখেরাতে সব কাজেই ইলম তোমার জন্য যথেষ্ট হবে। কারণ ইলম দ্বারা তোমার সব কাজ সুন্দরভাবে পরিচালিত হবে।

در امتناع از صحبتِ جاہلاں

দর ইমতেনা' আয সুহবাতে জাহেলাঁ

মূর্খদের সংগত্যাগ করা প্রসঙ্গে

مکن صحبتِ جاہلاں اختیار	دلا گر خردمندی و ہوشیار

উচ্চারণ ঃ দেলা গর খিরাদমন্দিও হোশিয়ার, মাকুন ছুহবাতে জাহেলাঁ এখতিয়ার।

অর্থ ঃ হে মন! তুমি যদি জ্ঞানী ও সচেতন হও, তাহলে কখনো মূর্খদের সংগ অবলম্বন করবে না।

زجاہل گریزندہ چوں تیرباش   نیامیختہ چوں شکر شیرباش

উচ্চারণ ঃ যেজাহেল গুরিযান্দা চুঁ তীর বাশ, নায়ামীখ্‌তা চুঁ শাকার শীর বাশ।

অর্থ ঃ মূর্খ হতে তীরের ন্যায় দূরে সরে যাও, জাহেলের সাথে দুধ চিনির ন্যায় মিশবে না

ترا اژدہا گر بود یار غار   ازاں بہ کہ جاہل بود غمگسار

উচ্চারণ ঃ তোরা আয্‌দাহা গর বুয়াদ ইয়ারে গার, আযাঁ বেহ কে জাহেল বুয়াদ গমগুছার

অর্থ ঃ কোন অজগর যদি গর্তে তোমার সখী হয়, তাও ভাল কোন মূর্খ তোমার বন্ধু হওয়ার চেয়ে।

اگر خصم جان تو عاقل بود   بہ از دوستدارے کہ جاہل بود

উচ্চারণ ঃ আগার খছমে জানে তূ আকেল বুয়াদ, বেহ্ আয দোস্ত দারে কে জাহেল বুয়াদ।

অর্থ ঃ যদি তোমার প্রাণের দুশমন জ্ঞানী হয়, তবে মূর্খ বন্ধু হতে বেঁচে থাকা উত্তম

چو جاہل کسے درجہاں خوار نیست   کہ ناداں تر از جاہلی کار نیست

উচ্চারণ ঃ চু জাহেল কাছে দর জাহাঁ খার নেস্ত, কে নাদাঁতর আয জাহেলী কার নে-স্ত

অর্থ ঃ এ পৃথিবীতে জাহেলের ন্যায় অপমানিত আর কেউই নেই, কেননা জাহেলের চেয়ে অধম আর কেউই নেই।

زجاہل نیاید جز افعال بد   وزو نشنود کس جز اقوال بد

উচ্চারণ ঃ যে জাহেল নায়ায়াদ জুয আফ'আলে বদ, অযূ নাশনাওয়াদ কাছ জুয আক্ব্‌ওয়ালে বদ

অর্থ ঃ মূর্খ থেকে মন্দ কাজ ছাড়া আর কিছুই হয় না, মূর্খ থেকে কেউ মন্দ কথা ছাড়া অন্য কিছু শুনবে না

سرانجام جاہل جہنم بود   کہ جاہل نکو عاقبت کم بود

উচ্চারণ ঃ ছারানজামে জাহেল জাহান্নাম বুয়াদ, কে জাহেল নেকু 'আক্বেবত কম বুয়াদ।

জাহেল-মূর্খের পরিণাম হলো জাহান্নাম। কারণ জাহেলের শুভ পরিণতি খুব কমই হয়ে থাকে

سر جاہلاں بر سر دار بہ   کہ جاہل بخواری گرفتار بہ

উচ্চারণ ঃ ছারে জাহেলাঁ দর ছারে দার বেহ, কে জাহেল বখারী গেরেফ্তার বেহ।

অর্থ ঃ মূর্খদের মাথা ফাঁসিকাষ্ঠে থাকাই উত্তম, মূর্খ সবর্দা অপমানিত হওয়াই শ্রেয়।

ز جاہل حذر کردن اولی بود   کزو ننگ دنیا و عقبی بود

উচ্চারণ ঃ যে জাহেল হযর কর্দান আওলা বুয়াদ, কাযূ নাঙ্গে দুনয়া অ ওক্ববা বুয়াদ।

অর্থ ঃ মূর্খ থেকে বেঁচে থাকা বা দূরে থাকাই উত্তম, কারণ তার দ্বারা দুনিয়া ও আখেরাতে লজ্জ্যা-অপমানীই হবে

در صفت عدل

দর ছিফাতে 'আদ্ল

ন্যায় পরায়ণতার প্রশংসায়

چو ایزد ترا ایں ہمہ کام داد   چرا بر تیاری سرانجام داد

উচ্চারণ ঃ চু ঈযদ তোরা ঈঁ হামা কাম দাদ, চেরা বরনায়ারী ছারাঞ্জামে দাদ।

অর্থ ঃ আল্লাহ যখন তোমার সব আশা পূর্ণ করে দিয়েছেন, তাহলে তুমি কেন ইনসাফ কায়েম কর না।

چو عدل ست پیرایهٔ خسروی | چرا عدل را دل نداری قوی

উচ্চারণ ঃ চু 'আদলাস্ত পীরা-য়ায়ে খছরুভী, চেরা 'আদলরা দেল নাদারী কৃভী

অর্থ ঃ ন্যায় বিচার যখন রাজত্বের সৌন্দর্য-শোভা, তাহলে ইনসাফ কায়েম করতে কেন সাহস কর না

ترا مملکت پائداری کند | اگر معدلت دستیاری کند

উচ্চারণ ঃ তোরা মামলাকাত পা-য়েদারী কুনাদ, আগার মা'দেলত দস্তইয়ারী কুনাদ

অর্থঃ তোমার রাজত্ব স্থায়ী হবে, যদি ন্যায় বিচার তোমার সহযোগী হয়

چو نوشیرواں عدل کرد اختیار | کنوں نام نیکست ازو یادگار

উচ্চারণ ঃ চু নওশীরওয়াঁ 'আদল কার্দ ইখতিয়ার, কুনূঁ নামে নেকাস্ত আযূ ইয়াদগার।

অর্থ ঃ নওশেরওয়াঁ বাদশাহ যেহেতু ইনসাফ করেছেন, তাই তাঁর সুনাম এখন পর্যন্ত স্মরণীয় হয়ে আছে।

ز تاثیر عدل ست آرام ملک | که از عدل حاصل شود کام ملک

উচ্চারণ ঃ যে তা-ছীরে 'আদলাস্ত আ-রা-মে মুলক, কে আয 'আদল হাসেল শাওয়াদ কামে মুলক।

অর্থ ঃ ইনসাফের ফল হলো দেশের শান্তি, কেননা, ইনসাফের দ্বারা দেশের কাজ-কর্ম সুশৃংখল হয়।

جہاں را بانصاف آباد دار | دلِ اہلِ انصاف را شاد دار

উচ্চারণ ঃ জাহাঁ রা বইনসাফ আ-বা-দ দার, দেলে আহলে ইনসাফ রা শাদ্ দার।

অর্থ ঃ ইনসাফ দ্বারা পৃথিবীকে সমৃদ্ধ রাখ, ইনসাফ প্রার্থীদের মনকে খুশী রাখ।

که بالاتراز معدلت کارنیست	جهاں را به از عدل معمار نیست

উচ্চারণ ঃ জাহাঁ রা বেহ্ আয 'আদল মে'মা-রেনেস্ত-,কে বা-লা তর আয মা'দলত কারে নেস্ত।

অর্থ ঃ বিশ্ব আবাদে ইনসাফ অপেক্ষা উত্তম কোন জিনিস নেই , ন্যায়পরায়ণতার চেয়ে শ্রেষ্ঠ কোন কাজ নেই।

که نامت شہنشاہ عادل بود	ترازیں بہ آخر چہ حاصل بود

উচ্চারণ ঃ তোরাযী বেহ্ আখের চে হাছেল বুয়াদ, কে নামত শাহানশাহে 'আদেল বুয়াদ।

অর্থ ঃ তোমার জন্য উত্তম আর কোন্ জিনিস অর্জিত হবে যে, তোমার নাম ন্যায়পরায়ণ বাদশাহ হিসেবে পৃথিবীতে থাকবে।

درِ ظلم بندی بر اہل جہاں	اگر خواہی از نیک بختی نشاں

উচ্চারণ ঃ আগার খাহী আয নেক বখতী নেশাঁ, দরে যুলম বন্দী বর আহলে জাহাঁ।

অর্থ ঃ তুমি যদি সৌভাগ্যবান হতে চাও, তাহলে পৃথিবীবাসীদের জন্য জুলুমের দরজা বন্ধ করে দাও।

مرادِ دلِ داد خواہاں بر آر	رعایت دریغ از رعیت مدار

উচ্চারণ ঃ রে'আয়াত দরেগায রা'আয়্যাত মা'দার, মুরাদে দেলে দাদখাহাঁ বরা-র।

অর্থ ঃ প্রজাদের প্রতি অনুগ্রহ করতে কুণ্ঠাবোধ করো না, ফরিয়াদীদের মনের আশা পূর্ণ কর।

در مذمت ظلم

দর মাযাম্মাতে যুলম

অত্যাচারের নিন্দায়

خرابی زبیداد بیند جہاں ۔ چو بستان خرم ز باد خزاں

উচ্চারণ ঃ খারাবী যেবেদাদে বীনদ জাহাঁ, চু বোস্তানে খুররাম যে বাদে খিযাঁ।

অর্থ ঃ অত্যাচারের ফলে পৃথিবী এভাবে ধ্বংস হয়ে যায়, যেভাবে প্রাণবন্ত বাগান হেমন্তের বাতাসে নষ্ট হয়ে যায়।

مدہ رخصت ظلم در ہیچ حال ۔ کہ خورشید ملکت نیابد زوال

উচ্চারণ ঃ মদেহ্ রোখছাতে যুলম দর হে-চ হাল, কে খুরশীদে মুলকাত নায়াবদ যাওয়াল

অর্থঃ কোন অবস্থাতেই জুলুমের সুযোগ দিবে না, তাহলে তোমার রাজত্বের সূর্য কখনো ধ্বংস হবে না।

کسے کاتش ظلم زد در جہاں ۔ برآورد از اہل عالم فغاں

উচ্চারণ ঃ কাছে কা-তেশে যুলম যদ দর জাহাঁ, বরাওয়ার্দ আয আহলে 'আলম ফগাঁ।

অর্থ ঃ যদি কেউ অত্যাচারের আগুন পৃথিবীতে প্রজ্জলিত করে, তাহলে গোটা বিশ্ববাসী তাকে অভিশাপ দিবে।

ستمکش گر آہے برآرد زدل ۔ زند سوز او شعلہ در آب و گل

উচ্চারণ ঃ ছেতমকাশ গরা-হে বরারদ যেদেল, যানাদ ছোযে উ শো'লা দর আ-বোগেল্।

অর্থ ঃ মজলুম যদি অন্তর থেকে আহ উচ্চারণ করে, তবে তার আহাজারীতে সমগ্র পৃথিবী জ্বলে বরবাদ হয়ে যাবে।

مکن بر ضعیفانِ بیچاره زور　　بیندیش آخر ز تنگیِ گور

উচ্চারণ ঃ মাকুন বর যঈফানে বে-চারা যোর, বয়ান্দে-শে আখের যে তাঙ্গীয়ে গোর

অর্থ ঃ অসহায়-দুর্বল লোকেদের উপর জুলুম-অত্যাচার করো না, অবশেষে কবরের সংকীর্ণতা ও বিভীষিকাকে ভয় করো

بآزار مظلوم مائل مباش　　ز دودِ دلِ خلق غافل مباش

উচ্চারণ ঃ ব আ-যারে মযলুম মায়েল মবাশ, যেদূদে দেলে খলক গাফেল মবাশ

অর্থ ঃ মজলুমের উপর অত্যাচার করার দিকে ঝোঁকো না, অসহায় মানুষের মনের ক্রন্দনকে ভুলো না

مکن مردم آزاری ای تندرای　　که ناگه رسد بر تو قهرِ خدای

উচ্চারণ ঃ মাকুন মারদুমা-যা-রী আয় তুন্দরায়, কে নাগাহ্ রছদ বর তু কাহরে খোদায়।

অর্থ ঃ হে নির্বোধ-বদমেযাজী-বোকা! মানবকে কষ্ট দিবে না, অন্যথায় তোমার উপর অতর্কিত আল্লাহর গজব এসে যাবে।

ستم بر ضعیفانِ مسکین مکن　　که ظالم بدوزخ رود بی‌سخن

উচ্চারণ ঃ ছেতাম বর যঈফানে মিছকীঁ মাকুন, কে যালেম বাদোযখ রাওয়াদ বে-ছাখুন

অর্থ ঃ অসহায় গরীব-মিসকীনদের উপর কখোনো জুলুম করো না। কারণ জালেম-অত্যাচারী কোন কথা ছাড়া জাহান্নামে যাবে

در صفتِ قناعت

দর ছিফাতে ক্বানা'আত

সন্তুষ্টির প্রশংসায়

دلا گر قناعت بدست آوری　　در اقلیم راحت کنی سروری

উচ্চারণ ঃ দেলাগর ক্বানা'আত বদাস্তা-ওয়ারী, দরেক্বলীমে রাহাত কুনী ছারওয়ারী।

অর্থ ঃ হে মন! তুমি যদি স্বল্পে তুষ্টির গুণ অর্জন করতে পার, তাহলে তুমি শান্তির রাজ্যের সম্রাট হতে পারবে।

اگر تنگدستی نہ زسختی منال　　کہ پیش خردمند ہیچ ست مال

উচ্চারণ ঃ আগার তাঙ্গেদাস্তী যেছাখতী মনাল, কেপে-শে খিরাদমান্দে হে-চাস্ত মাল।

অর্থ ঃ যদি তুমি ফকির এবং দরিদ্র হও তাহলে দরিদ্রতার ফলে কেঁদো না, কারণ জ্ঞানীদের নিকট ধন-সম্পদের কোন মূল্য নেই।

ندارد خردمند از فقر عار　　کہ باشد نبیؐ را ز فقیر افتخار

উচ্চারণ ঃ নাদা-রদ খিরাদমান্দ আয ফক্বরে 'আর, কে বাশদ নবী রা যে ফাক্বর ইফতেখার

অর্থ ঃ বুদ্ধিমানগণ কখনো দরিদ্রতা থেকে লজ্জাবোধ করে না, কারণ নবী (স) দারিদ্রতায় গর্ববোধ করতেন।

غنی را زر و سیم آرایش ست　　ولیکن فقیر اندر آسایش ست

উচ্চারণ ঃ গনী রা যরো ছীম আ-রা-য়েশাস্ত, অলেকিন ফক্বীরান্দর আ-ছা-য়েশাস্ত

অর্থ ঃ বিত্তশালীদের নিকট সোনা রূপা চাকচিক্যের উপকরণ [illegible] গণ খুবই আরামে আছে

উচ্চারণ ঃ গনী গর না-বাশী মাকুন এয্‌ত্বেরাব, কে ছুলতাঁ নাখাহাদ খেরাজ আয খারাব।

অর্থ ঃ তুমি যদি ধনী-সম্পদশালী না হও, অস্থির-অধৈর্য হয়ো না, কারণ রাজা-বাদশাহ্‌গণ জনমানবহীন স্থান হতে কর নেন না।

قناعت بہر حال اولیٰ ترست　　قناعت کند ہر کہ نیک اختر ست

উচ্চারণ ঃ ক্বানা'আত বহার হা-লেআওলা তরাস্ত, ক্বানা'আত কুনাদ হার্কে নেক আখতারাস্ত।

অর্থ ঃ স্বল্পে তুষ্টি সর্বাবস্থায় খুবই উত্তম কাজ, সৌভাগ্যবান ব্যক্তিই স্বল্পে তুষ্টি অবলম্বন করে।

ز نور قناعت برافروز جاں　　اگر خواہی از نیک بختی نشاں

উচ্চারণ ঃ যে নূরে ক্বানা'আত বরাফরোযে জাঁ, আগার খা-হী আয নেকবখ্‌তী নেশাঁ।

অর্থ ঃ স্বল্পে তুষ্টির আলো দ্বারা তোমার মনকে আলোকিত কর, যদি তুমি সৌভাগ্যের উজ্জ্বল নিদর্শন হতে চাও।

در مذمتِ حرص

দর মাযাম্মাতে হের্‌ছ

লোভ-লালসার নিন্দায়

ایا مبتلا گشتہ در دام حرص　　شدہ مست و لایعقل از جام حرص

উচ্চারণ ঃ আয়া মুব্‌তালা গাশ্‌তা দর দামে হের্‌ছ, শুদাহ্‌ মস্তো লা-য়া'ক্বিলায জামে হের্‌ছ

অর্থ ঃ হে মানুষ! তুমি লোভ-লালসার ফাঁদে ফেঁসে গেছ, লোভের শরাবের পেয়ালা পানে তুমি মাতাল-অজ্ঞান হয়ে গেছ।

مکن عمر ضائع بہ تحصیلِ مال　　کہ ہم نرخِ گوہر نہ باشد سفال

উচ্চারণ ঃ মাকুন ওমরে যায়ে' বতাহ্ছীলে মাল, কেহাম নরখে গাওহার নাবাশদ ছেফাল।

অর্থ ঃ ধন-সম্পদ উপার্জনে তুমি নিজের জীবন বিসর্জন দিও না, কারণ মোতি আর চাঁড়ার মূল্য কখনো সমান হয় না।

ہر آنکس کہ در بندِ حرص افتاد　　دہد خرمنِ زندگانی بباد

উচ্চারণ ঃ হারাঁকাছ কে দর বন্দে হের্ছ উফতাদ, দেহাদ খিরমানে যিন্দেগানী ববা-দ।

অর্থ ঃ যে ব্যক্তি লোভ-লালসার বন্ধিখানায় আবদ্ধ হয়ে পড়েছে, সে তার জীবনের মূল্যবান সম্পদ ধ্বংস করে দিয়েছে।

گرفتم کہ اموالِ قارون تراست　　ہمہ نعمتِ رُبعِ مسکون تراست

উচ্চারণ ঃ গেরেফতম কে আমওয়ালে ক্বারঁ তোরা-স্ত, হামা নে'মতে রোবয়ে' মাছকুঁ তোরা-স্ত।

অর্থ ঃ আমি মেনে নিলাম যে, কারূনের ন্যায় সম্পদ তোমার নিকট আছে, সারা দুনিয়ার সব নেয়ামত তোমার হস্তগত।

بخواہی شد آخر گرفتارِ خاک　　چو بیچارگاں بادلِ دردناک

উচ্চারণ ঃ বখাহী শুদ আখের গেরেফতারে খাক, চু বে-চারেগাঁ বা-দেলে দর্দনাক।

অর্থ ঃ অবশেষে একদিন তোমাকে কবরে যেতে হবে, অসহায়দের ন্যায় মনে দুঃখ নিয়ে

چرا می گدازی ز سودائے زر　　چرا می کشی بارِ محنت چو خر

উচ্চারণ ঃ চেরা মী গুদাযী যে ছাওদায়ে যর, চেরা মী কাশী বারে মেহনত চু খর।

অর্থ ঃ ধন-সম্পদের লোভ-লালসায় কেন তুমি গলে যাও, কেন গাধার ন্যায় পরিশ্রমের বোঝা বহন কর।

چرامی کشی محنت از بہرِ مال که خواہد شدن ناگہاں پائمال

উচ্চারণ ঃ চেরা মী কাশী মেহনত আয বাহরে মাল, কে খাহাদ শুদান না গাহাঁ পা-য়েমাল।

অর্থ ঃ ধন-সম্পদের জন্য কেন এত কঠোর পরিশ্রম করছ, ধন-সম্পদ একদিন হঠাৎ ধ্বংস হয়ে যাবে।

چناں دادۂ دل بہ نقش دِرم کہ ہستی ز ذوقش ندیمِ ندم

উচ্চারণ ঃ চুনাঁ দা-দাই দেল বনকুশে দিরম, কে হাস্তী যেযাওকুশ নাদীমে নাদাম।

অর্থ ঃ তুমি টাকা পয়সার এরূপ আসক্ত হয়েছো যে, তার লালসায় অপমানীটা তোমার সাথী হয়েছে।

چناں عاشقِ روئے زر گشتۂ کہ شوریدہ احوال و سرگشتۂ

উচ্চারণ ঃ চুনাঁ 'আশেক্বে রোয়ে যর গাশ্‌তাঈ, কে শোরীদা আহওয়ালোছার গাশ্‌তাঈ।

অর্থ ঃ তুমি টাকা পয়সার এমন পাগল হয়ে গেছ যে, সব সময় পাগলের ন্যায় হয়রান কিংকর্তব্যবিমূঢ় হয়ে ঘুরছ।

چناں گشتۂ صید بہرِ شکار کہ یادت نیاید ز روزِ شمار

উচ্চারণ ঃ চুনাঁ গাশতাই ছায়দ বাহরে শেকার, কে ইয়াদত না ইয়ায়েদ যেরোযে শুমার।

অর্থ ঃ মাল শিকার করতে গিয়ে তুমি নিজেই শিকারে পরিণত হয়েছ যে, হিসাব বা ক্বিয়ামতের দিনটি তুমি ভুলে গেছ

مبادا دلِ آں فرومایہ شاد کہ از بہرِ دنیا دہد دیں بباد

উচ্চারণ ঃ মবা-দা দেলে আঁ ফরোমায়া শাদ, কে আয বাহরে দুনয়া দেহাদ দীঁ ববাদ।

অর্থ ঃ এমন অযোগ্য লোকের মন কখনো যেন আনন্দিত না হয়, যে দুনিয়ার জন্য নিজের দ্বীনকে নষ্ট করে দেয়

در صفتِ طاعت و عبادت

দর ছিফাতে ত্বা'আত অ 'এবাদত

ইবাদত-বন্দেগীর প্রশংসায়

کسے را کہ اقبالِ باشد غلام　　بود میلِ خاطر بطاعت مدام

উচ্চারণ ঃ কাছেরা কে একবাল বাশদ গোলাম, বুয়াদ মাইলে খাত্বের বত্বা'আত মুদাম।

অর্থ ঃ সৌভাগ্য যার অনুগত হয়ে যায়, সর্বদা তার আকর্ষণ থাকে ইবাদতের প্রতি।

نشاید سر از بندگی تافتن　　کہ دولت بطاعت تواں یافتن

উচ্চারণ ঃ নাশায়াদ ছারায বন্দেগী তা-ফতান, কে দওলত বত্বা'আত তাওয়াঁ ইয়াফতান।

অর্থ ঃ ইবাদত হতে মুখ ফিরানো কারো উচিৎ নয়, কারণ দুনিয়া-আখেরাতের দৌলত ইবাদতের মাধ্যমে পাওয়া যায়।

سعادت ز طاعت میسر شود　　دل از نورِ طاعت منور شود

উচ্চারণ ঃ ছা'আদাত যে ত্বা'আত ময়াছ্ছার শাওয়াদ, দেলায নূরে ত্বা'আত মুনাওওয়ার শাওয়াদ।

অর্থ ঃ ইবাদতের মাধ্যমে দুনিয়া আখেরাতের মঙ্গল হাসিল হয়, ইবাদতের আলোতে মন আলোকিত হয়

اگر بندی از بہرِ طاعت میاں　　کشاید درِ دولتِ جاوداں

উচ্চারণ ঃ আগার বন্দী আয বা'হরে ত্বা'আত মিয়াঁ, কুশায়াদ দরে দওলাতে জাভেদাঁ।

অর্থ ঃ তুমি যদি ইবাদতের জন্য কোমর বেঁধে প্রস্তুত থাক, তাহলে তোমার জন্য অফুরন্ত সম্পদের দরজা খুলে যাবে

زطاعت نہ پیچد خردمند سر　　کہ بالائے طاعت نباشد ہنر

উচ্চারণ ঃ যে ত্বা'আত নাপেচদ খেরাদমন্দে ছার, কে বা-লা-য়ে ত্বাআত নাবাশদ হুনার।

অর্থ ঃ বুদ্ধিমানগণ ইবাদত থেকে বিমুখ হন না, কারণ ইবাদত থেকে উত্তম কোন বুদ্ধির কাজ নেই।

بآبِ عبادت وضو تازہ دار　　کہ فردا ز آتش شوی رستگار

উচ্চারণ ঃ বআবে ইবাদত অজু তাজা দার, কে ফরদা যে আতিশ শাভী রুস্তগার।

অর্থ ঃ ইবাদতের পানি দ্বারা অযু তাজা রাখ, যেন কিয়ামতের দিন দোযখের আগুন থেকে মুক্তি পাও।

نماز از سر صدق بر پائدار　　کہ حاصل کنی دولتِ پائدار

উচ্চারণ ঃ নামায আয ছারে ছিদক বর পায়ে-দার, কে হাছেল কুণী দওলতে পা-য়েদার।

অর্থ ঃ পূর্ণ এখলাসের সাথে নামায কায়েম কর, যাতে তুমি চিরস্থায়ী দৌলত লাভ করতে পার।

زطاعت بود روشنائیِ جاں　　کہ روشن زخورشید باشد جہاں

উচ্চারণ ঃ যেত্বা'আত বুয়াদ রোশনা-ইয়ে জাঁ, কে রওশন যে খুর্শীদ বাশদ জাহাঁ।

অর্থ ঃ ইবাদতের দ্বারা মন-কলব আলোকিত হয়, যেমনি করে সূর্যের মাধ্যমে পৃথিবী অলোকিত হয়।

پرستندۂ آفرینندہ باش　　در ایوانِ طاعت نشینندہ باش

উচ্চারণ ঃ পুরস্তিন্দায়ে আ-ফরীনিন্দা বা-শ, দর আইওয়ানে ত্বা'আত নাশীনিন্দা বা-শ।

অর্থ ঃ সর্বদা আল্লাহর ইবাদতে লিপ্ত থাক, ইবাদতখানায় সর্বদা বসে থাক।

اگر حق پرستی کنی اختیار	در اقلیم دولت شوی شہریار

উচ্চারণ ঃ আগার হক পারাস্তী কুনী ইখতিয়ার, দরেক্বলীমে দওলত শাভী শাহ্‌রিয়ার।

অর্থ ঃ তুমি যদি আল্লাহর ইবাদতে লিপ্ত থাক, তবে ধন-সম্পদের রাজ্যের তুমি হবে বাদশাহ্‌।

سر از جیب پرہیزگاری بر آر	کہ جنت بود جائے پرہیزگار

উচ্চারণ ঃ ছারায জায়বে পরহে-যগারী বরা-র, কে জান্নাত বুয়াদ জা-য়ে পরহে-যগা-র।

অর্থ ঃ তুমি পরহেজগারীর পকেট থেকে মাথা বের কর, কারণ জান্নাত পরহেজগারদের বাসস্থান।

ز تقوی چراغ رواں بر فروز	کہ چوں نیکبختاں شوی نیک روز

উচ্চারণ ঃ যে তাক্বওয়া চেরাগে রাওয়াঁ বর ফরোয, কে চুঁ নেকবখতাঁ শাভী নেকরোয।

অর্থ ঃ পরহেযগারী দ্বারা তোমার অন্তরের বাতিকে প্রজ্জলিত কর, যাতে সৌভাগ্যবানদের ন্যায় তুমিও সৌভাগ্যবান হতে পার।

کسے را کہ از شرع باشد شعار	نترسد ز آسیب روز شمار

উচ্চারণ ঃ কাছেরা কে আয শারয়ে বাশদ শে'আর, নাতরছাদ যে আ-ছে-বে রোযে শুমার।

শ'রীয়তের সাথে যার সম্পর্ক সুদৃঢ় থাকবে, কেয়ামতের কঠিন দিবসে তার কনো প্রকার ভয় থাকবে না।

در مذمت شیطان

দর মাযাম্মাতে শায়তান

শয়তানের নিন্দায়

دلا ہر کہ محکوم شیطاں بود	شب و روز در بند عصیاں بود

উচ্চারণ ঃ দেলা হারকে মাহ্‌কুমে শায়ত্বাঁ বুয়াদ, শবোরোজ দর বন্দে 'এছইয়াঁ বুয়াদ।

অর্থ ঃ হে মন! যে শয়তানের অনুগত হয়ে যায়, সে লোক দিবা-নিশি নাফরমানীর কয়েদখানায় আবদ্ধ থাকে।

উচ্চারণ ঃ কাছেরা কে শায়ত্বাঁ বুয়াদ পে-শওয়া, কুজা বায় গর্দাদ বরাহে খোদা।

অর্থ ঃ শয়তান যার পথ প্রদর্শক হয়, সে কিভাবে আল্লাহর পথে ফিরে আসতে পারে

دلا عزم عصیاں مکن زینہار   کہ رحمت کند بر تو پروردگار

উচ্চারণ ঃ দেলা 'আযমে 'এছইয়াঁ মাকুন যীনহার, কে রহমত কুনাদ বরতু পরওয়ারদেগার

অর্থ ঃ হে মন! কখনো গোনাহের ইচ্ছা করোনা, তাহলে আল্লাহ তোমার উপর দয়া করবেন।

زعصیاں کند ہوشمند احتراز   کہ از آب باشد شکر را گداز

উচ্চারণ ঃ যে 'এছইয়াঁ কুনাদ হোশমান্দ এহতেরায, কে আয আ-ব বাশদ শাকার রা গুদায

অর্থ ঃ বুদ্ধিমানগণ সর্বদ গোনাহ থেকে বেঁচে থাকে, কেননা পানি দ্বারা চিনি গলে যায়। (অর্থাৎ গোনাহ দ্বারা নেক আমল যেভাবে ধ্বংস হয়ে যায়)।

کند نیک بخت از گنہ اجتناب   کہ پنہاں شود نور مہر از سحاب

উচ্চারণ ঃ কুনাদ নেকবখত অয গুনা-হ এজতেনাব, কেপিন্হাঁ শাওয়াদ নূরে মাহ্র আয ছাহাব।

অর্থ ঃ সৎ লোকেরা গোনাহ থেকে বেঁচে থাকেন, কেননা সূর্যের আলো মেঘখন্ড দ্বারা ঢাকা পড়ে যায়। (অর্থাৎ গোনাহ দ্বারা ঈমানের আলো অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়)।

مکن نفس امّارہ را پیروی   کہ ناگہ گرفتار دوزخ شوی

উচ্চারণ ঃ মাকুন নাফছে আম্মা-রারা পায়রাভী, কে না-গাহ্ গেরেফতারে দোযখ শাভী।

অর্থ ঃ তুমি কখনো নফস আম্মারার অনুগত হয়ো না, অন্যথায় তুমি হঠাৎ জাহান্নামে পতিত হয়ে যাবে।

اگر بر نتابد ز عصیاں دلت — بود اسفل السافلیں منزلت

উচ্চারণ ঃ আগার বর না তা-বাদ যে 'এছইয়াঁ দেলত, বুয়াদ আছফালাছ্ ছাফেলীঁ মানযেলত।

অর্থ ঃ তোমার মন যদি নাফরমানী থেকে ফিরে না আসে, তাহলে জাহান্নামের সর্ব নিম্নস্তর হবে তোমার আবাস্থল

مکن خانۂ زندگانی خراب — بسیلابِ فعلِ بد و ناصواب

উচ্চারণ ঃ মাকুন খানায়ে জিন্দেগানী খারাব, বছায়লাবে ফে'লে বাদো না ছাওয়াব।

অর্থ ঃ তোমার জীবনের গৃহকে বিরান করো না, মন্দ ও পাপকাজের প্লাবন দ্বারা।

اگر دور باشی ز فسق و فجور — نباشی ز گلزارِ فردوس دور

উচ্চারণ ঃ আগার দূর বা-শী যেফেছক্বো ফুজূর, নাবা-শী যেগোলযারে ফেরদাওছে দূর।

অর্থ ঃ তুমি অশ্লীল ও গোনহের কাজ থেকে দূরে থাক, তাহলে ফিরদাওছের বাগান থেকে দূরে থাকবে না।

دربیانِ شراب

দর বায়ানে শরাব

প্রেমের শরাবের বিবরণ

بدہ ساقیا آب آتش لباس — کہ مستی کند اہلِ دل التماس

উচ্চারণ ঃ বেদেহ্ ছাক্বিয়া আবে আতেশ লেবাছ, কে মাস্তী কুনাদ আহলে দেল এলতেমাছ।

অর্থ ঃ হে সাকী! আমাকে খুব উষ্ণ ও তেজ শরাব দাও, কেননা আল্লাহ্র প্রেমিক তাঁর প্রেমে উন্মাদনা কামনা করে।

مے لعل در ساغرِ زر نگار		بود روح پرور چو لعل نگار

উচ্চারণ ঃ মায়ে লা'ল দর ছা-গেরে যরনেগার, বুয়াদ রূহ পারওয়ার চু লা'লে নেগার।

অর্থ ঃ সোনালী পেয়ালার লাল শরাব এমনভাবে মন শান্তকারী হয়, যেমন প্রেমিকের লাল বর্ণের ঠোঁট।

خوشا آتشِ شوق اربابِ عشق		خوشا لذتِ دردِ اصحابِ عشق

উচ্চারণ ঃ খোশা আতেশে শাওক্বে আরবাবে এশ্‌ক্ব, খোশা লয্‌যতে দর্দে আছহাবে এশ্‌ক্ব।

অর্থ ঃ প্রেমিকদের প্রেমের জ্বালা খুব সুখের, প্রেমিকদের মনে বিরহ-ব্যথা কতইনা মজাদার।

بیار آں شراب چو آبِ حیات		کہ یابد ز بویش دل از غم نجات

উচ্চারণ ঃ বেয়ার আঁ শরাব চু আ-বে হায়াত, কে ইয়াবদ যে বূয়াশ দেলায গম নাজাত।

অর্থ ঃ সেই শরাব আন যা আবে হায়াতের ন্যায়, যার সুগন্ধে মনের সকল চিন্তা-ভাবনা দূর হয়ে যায়।

خوش آں دل کہ دارد تمنائے دوست		خوش آنکس کہ در بندِ سودائے اوست

উচ্চারণ ঃ খোশাঁ দেল কে দারদ তামান্না-য়ে দোস্ত, খোশাঁকাছ্ কে দরবন্দে ছাওদায়ে উস্ত।

অর্থঃ কতইনা সুখের সে মন, যে বন্ধুর বন্ধুত্ব কামনা করে, কতইনা সৌভাগ্যবান সে মন, যে তার বন্ধুর প্রেমে আবদ্ধ।

خوش آں دل کہ شیدا بر روئے دوست		خوش آں دل کہ شد منزلش کوئے دوست

উচ্চারণ ঃ খোশাঁদেল কে শায়দাস্ত- বর রোয়ে দোস্ত, খোশাঁদেল কে শোদ মানযেলশ কোয়ে দোস্ত।

অর্থ ঃ সেই মন কতইনা সুখের, যে বন্ধুর চেহারা দর্শনে পাগল পারা, কতইনা সুখের সেই মন যার গন্তব্য বন্ধুর গলিতে।

شراب مصفا چو روئے نگار	شراب چو لعل روان بخش یار

উচ্চারণ ঃ শরাবে চু লা'লে রাওয়াঁ বাখশ ইয়ার, শারাবে মুছাফ্‌ফা চু রোয়ে নেগার।

অর্থ ঃ এমন শরাব বন্ধুকে দেব যা মুক্তার ন্যায় পরিষ্কার-পরিচ্ছন্ন, যে শরাব প্রেমিকের চেহারার ন্যায় পরিচ্ছন্ন।

خوشا ذوقِ مستیِ دلدادگاں	خوشا می پرستی زصاحبدلاں

উচ্চারণ ঃ খোশা মায় পারাস্তী যে ছাহেবদেলাঁ, খোশা যওকে মাস্তী যে দেলদাদেগাঁ।

অর্থ ঃ আল্লাহ প্রেমিকদের ভালবাসার পানিয় পান করা কতইনা উত্তম কাজ, আল্লাহ প্রেমিকদের থেকে প্রেমের শরাবের স্বাদ উপভোগ করা কতইনা উত্তম কাজ।

در صفتِ وفا

দর ছিফাতে ওফা

বিশ্বস্ততার প্রশংসায়

کہ بے سکہ رائج نباشد درم	دلا در وفا باش ثابت قدم

উচ্চারণ ঃ দেলা দর ওফা বাশ ছাবেত ক্বদম, কে বে ছিক্কা রায়েজ না বাশদ দেরম।

অর্থ ঃ হে মন! বিশ্বস্ততার সাথে সর্বদা অটল থাক, কারণ সিলমোহর ছাড়া দেরহাম (টাকা) অচল। (এমনিভাবে আল্লাহ-রাসূলের অনুসরণ ছাড়া খোদার দরবারে বান্দার কোন মূল্য নেই।

شوی دوست اندر دلِ دشمناں	زراہ وفا گر نہ پیچی عناں

উচ্চারণ ঃ যে রাহে ওফা গর নাপেচী 'এনাঁ, শাভী দোস্ত আন্দর দেলে দুশমনাঁ।

অর্থ ঃ তুমি যদি বিশ্বস্ততার পথ থেকে মাথা না ফেরাও, তাহলে শত্রু তোমার বন্ধুতে পরিণত হবে।

مگرداں زکوئے وفا روئے دل	کہ در روئے جاناں نباشی خجل

উচ্চারণ ঃ মাগারদাঁ যে কোয়ে ওফা রোয়ে দেল, কে দর রোয়ে জানাঁ না বা-শী খাজিল।

অর্থ ঃ বিশ্বস্ততার গলি থেকে তোমার মন ফেরাবে না, যাতে বন্ধুদের সামনে তোমার লজ্জিত হতে না হয়।

منہ پائے بیروں زکوئے وفا	کہ از دوستاں می نیرزد جفا

উচ্চারণ ঃ মানেহ্ পায়ে বেরূঁ যে কোয়ে ওফা, কে আয দোস্তাঁ-মী নায়ার্যাদ জাফা।

অর্থ ঃ বিশ্বস্ততার গলির বাইরে পা রেখ না, কারণ বন্ধুদের থেকে জুলুম প্রকাশ হওয়া উচিৎ নয়।

جدائی ز احباب کردن خطاست	بریدن ز یاراں خلافِ وفاست

উচ্চারণ ঃ জুদাঈ যে আহবাব কার্দান খাতাস্ত, বুরীদান যে ইয়ারাঁ খেলাফে ওফাস্ত।

অর্থ ঃ বন্ধুদের সাথে বিশ্বাসঘাতকতা চরম অপরাধ, বন্ধুদের সাথে সম্পর্ক ছিন্ন করাই বিশ্বাসঘাতকতা।

بود بے وفائی سرشت زناں	میاموز کردار زشتِ زناں

উচ্চারণ ঃ বুয়াদ বে-ওফাঈ ছারাশ্তে যানাঁ, মায়ামূয কের্দারে যেশ্তে যানাঁ।

অর্থ ঃ বিশ্বাস ভঙ্গ করা মহিলাদের অভ্যাস, খারাপ মহিলাদের অভ্যাস গ্রহণ করা উচিৎ না।

در فضیلتِ شکر

দর ফাযীলতে শোক্‌র

কৃতজ্ঞতার মর্যাদা সম্পর্কে

کسے را کہ باشد دلِ حق شناس	نشاید کہ بندد زبانِ سپاس

উচ্চারণ ঃ কাছেরা কে বা-শাদ দেলে হক্ব শেনাছ, না শা-য়াদ কে বান্দা'দ যবানে ছেপাছ।

অর্থ ঃ যে ব্যক্তি আল্লাহকে চেনে, তার শুকরিয়া জ্ঞাপন করা থেকে বিরত থাকা উচিৎ না।

نفس جز بشکر خدا بر میار　　　که واجب بود شکر پروردگار

উচ্চারণ ঃ নাফাছ জুয বাশোক্‌রে খোদা বর মিয়ার,কে ওয়াজেব বুয়াদ শোক্‌রে পারওয়ারদেগার।

অর্থ ঃ আল্লাহ্‌র শুকরিয়া ছাড়া একটি শ্বাসও বের করো না, কারণ পালন কর্তার শুকরিয়া আদায় করা সবার জন্য আবশ্যক।

ترا مال و نعمت فزاید ز شکر　　　ترا فتح از در درآید ز شکر

উচ্চারণ ঃ তোরা মালো নে'মত ফাযায়াদ যে শোক্‌র, তোরা ফাত্‌হ আয দর দারায়াদ যে শোকর

অর্থ ঃ তোমার ধন-সম্পদ ও নেয়ামত কৃতজ্ঞতা দ্বারা বৃদ্ধি হবে, শোকরের দ্বারা তোমার সফলতার দ্বার খুলে যাবে।

اگر شکر حق تا بروز شمار　　　گزاری نباشد یکے از ہزار

উচ্চারণ ঃ আগার শোকরে হক তা বরোযে শুমার, গুযারী নাবা-শাদ একে আয হাযার।

অর্থ ঃ যদি তুমি কেয়ামত পর্যন্ত আল্লাহর শোকর করতে থাক, তাহলে হাজার নেয়ামতের মধ্যে একটার শোকরও আদায় হবে না।

ولے گفتن شکر اولی ترست　　　کہ اسلام را شکر او زیورست

উচ্চারণ ঃ অলে গুফতানে শোকরে আওলা তরাস্ত, কে ইসলামরা শোকরেউ যেওয়ারাস্ত।

অর্থ ঃ তা সত্ত্বেও শোকর করা খুবই উত্তম কাজ, কেননা শোকর ইসলামের অলংকার স্বরূপ।

گر از شکر ایزد نہ بندی زباں　　　بدست آوری دولت جاوداں

উচ্চারণ ঃ গর আয শোকরে ঈযাদ না বন্দী যবাঁ, বদস্ত আ-ওরী দওলতে জাভেদাঁ।

অর্থ ঃ তুমি যদি আল্লাহ্‌র শোকর থেকে মুখ বন্ধ না কর, তাহলে তুমি চিরস্থায়ী দৌলত অর্জন করতে পারবে।

در بیانِ صبر

দর বয়ানে ছবর

ধৈর্যের বর্ণনায়

ترا گر صبوری بود دستیار | بدست آوری دولتِ پایدار

উচ্চারণ ঃ তোরাগর ছাবূরী বুয়াদ দস্তিয়ার, বদস্তা-ওয়ারী দওলতে পা-য়েদার।

অর্থঃ যদি ধৈর্য তোমার সহযোগী হয়ে যায়, তাহলে তুমি চিরস্থায়ী সম্পদ অর্জন করতে পারবে।

صبوری برارد مرادِ دلت | کہ از عالماں حل شود مشکلت

উচ্চারণ ঃ ছাবূরী বরারদ মুরাদে দেলত, কে আয 'আলেমাঁ হল শাওয়াদ মুশকিলত।

অর্থ ঃ ছবর দ্বারা তোমার মনবাসনা পূর্ণ হবে, যেভাবে আলেমদের দ্বারা তোমার সংকট দূর হয়।

صبوری بود کارِ پیغمبراں | نہ پیچند زیں روئے دیں پروراں

উচ্চারণ ঃ ছাবূরী বুয়াদ কা-রে পয়গম্বরাঁ, নাপেচন্দেযীঁ রোয়ে দীঁ পরওয়ারাঁ।

অর্থ ঃ ধৈর্য ধারণ করা নবীগণের চরিত্র, তাই দ্বীনদারগণ সবর থেকে মুখ ফেরান না।

صبوری کشاید درِ کام جاں | کہ جز صابری نیست مفتاحِ آں

উচ্চারণ ঃ ছাবূরী কুশায়াদ দরে কামেজাঁ, কেজুয ছা-বেরী নে-স্ত মেফতাহে আঁ।

অর্থ ঃ সবর মনের আশা পূর্ণের দ্বার খুলে দেয়, কেননা এ দরজাটি খোলার চাবি সবর ছাড়া অন্য কিছু নয়।

صبوری کلید در آرزوست | کشائندۂ کشور آرزوست

উচ্চারণ ঃ ছাবূরী কিলীদে দরে আ-রযূস্ত, কুশায়ান্দায়ে কিশওয়ারে আ-রযূস্ত।

অর্থ ঃ ধৈর্য আকাঙ্খার দরজার চাবি, তার দ্বারা আকাঙ্খার রাজত্ব করা যায়।

صبوری بہر حال اولیٰ بود | کہ در ضمن آں چند معنیٰ بود

উচ্চারণ ঃ ছাবূরী বহার হালে আওলা বুয়াদ, কে দর যেমনে আঁ চান্দ মা'না বুয়াদ।

অর্থ ঃ ধৈর্য সর্বাবস্থায় উত্তম কাজ, কারণ ধৈর্য দ্বারা বহু উপকার সাধিত হয়।

صبوری ترا کامگاری دہد | ز رنج و بلا رستگاری دہد

উচ্চারণ ঃ ছাবূরী তোরা কামগারী দেহাদ, যে রাঞ্জো-বালা রুস্তগারী দেহাদ।

অর্থ ঃ ধৈর্য তোমকে সফলতা প্রদান করবে, দঃখ-দুর্দশা ও মুসীবত থেকে মুক্তি দান করবে।

صبوری کنی گر ترا دیں بود | کہ تعجیل کار شیاطیں بود

উচ্চারণ ঃ ছাবূরী কুনী গর তোরা দীঁ বুয়াদ, কে তা'জীলে কা-রে শায়াত্বীঁ বুয়াদ।

অর্থ ঃ যদি তুমি দ্বীনদার হও তাহলে সবর কর, কারণ তাড়াহুড়া করা শয়তানের কাজ।

در صفت راستی

দর ছিফাতে রা-স্তী

সততার প্রশংসায়

دلا راستی گر کنی اختیار | شود دولتت ہمدم و بختیار

উচ্চারণ ঃ দেলা রা-স্তী গর কুনী ইখতিয়ার, শাওয়াদ দৌলতত হামদম ও বখ্‌তিয়ার।

অর্থ ঃ হে মন! তুমি যদি সততা অবলম্বন কর তাহলে ধন-দৌলত তোমার সহযোগী ও বন্ধু হয়ে যাবে।

উচ্চারণ ঃ না পেচদ ছারায রা-স্তী হোশমান্দ, কে আয রা-স্তী নাম গর্দাদ বুলান্দ।

অর্থ ঃ জ্ঞানী সততা থেকে নিজের মুখ ফেরায় না, কারণ সততা দ্বারা সুনাম অর্জন হয়।

دم از راستی گر زنی صبح وار | ز تاریکی جہل گیری کنار

উচ্চারণ ঃ দম আয রা-স্তী গর যানী ছুবহে ওয়ার, যে তারীকিয়ে জাহলে গীরী কেনার।

অর্থ ঃ তুমি যদি সততা অবলম্বন কর সকালের ন্যায়, তাহলে মূর্খতা-অজ্ঞতার আঁধার থেকে দূরে থাকতে পারবে।

مزن دم بجز راستی زینہار | کہ دارد فضیلت یمیں بر یسار

উচ্চারণ ঃ মাযান দম বাজুয রা-স্তী যীনহার, কে দা-রাদ ফযীলত ইয়ামীঁ বর ইয়াছা-র।

অর্থ ঃ সততা ছাড়া কখনো কোন কাজ করবে না, কারণ বামের উপর ডান অনেক মর্যাদা রাখে।

بہ از راستی در جہاں کار نیست | کہ در گلبنِ راستی خار نیست

উচ্চারণ ঃ বেহ্ আয রাস্তী দর জাহাঁ কার নে-স্ত,কে দর গুলবানে রাস্তী খার নে-স্ত।

অর্থ ঃ সততার চেয়ে উত্তম পৃথিবীতে কোন কাজ নেই, কারণ সততার ফুলবাগানে কোন কাঁটা থাকে না।

در مذمتِ کذب

দর মাযাম্মাতে কিয্‌ব

মিথ্যার নিন্দায়

کسے را کہ ناراستی گشت کار | کجا روزِ محشر شود رستگار

উচ্চারণ ঃ কাছে রা কে না-রা-স্তী গাশতকা-র, কুজা রোজে মাহ্‌শর শাওয়াদ্ রুস্তগার।

অর্থ ঃ যে লোক মিথ্যা বলায় অভ্যস্ত, সে হাশরে কিরূপে নাজাত পাবে।

کسے راکہ گردد زبانِ دروغ	چراغ دلش رانباشد فروغ

উচ্চারণ ঃ কাছেরা কে গর্দাদ যবানে দরূগ, চেরাগে দেলাশরা নাবা-শদ ফরূগ।

অর্থ ঃ যে ব্যক্তি সর্বদা মিথ্যা বলে, তার মনের বাতিতে কখনো আলো থাকে না।

دروغ آدمی راکند شرمسار	دروغ آدمی راکند بے وقار

উচ্চারণ ঃ দুরূগ আদমী রা কুনাদ শরমেছার, দুরূগ আদমী রা কুনাদ বে-ওয়াক্বার।

অর্থ ঃ মিথ্যা মানুষকে লজ্জিত করে, মিথ্যা মানুষকে সম্মানহীন করে দেয়।

زکذاب گیرد خردمند عار	کہ اورا نیارد کسے در شمار

উচ্চারণ ঃ যে কায্‌যাবে গীরাদ খেরাদমন্দে 'আ-র, কে উরা নায়ারদ কাছে দর শুমার।

অর্থ ঃ জ্ঞানীগণ মিথ্যাবাদী থেকে লজ্জাবোধ করে, কেননা মিথ্যাবাদীকে লোকেরা মানুষ বলে গণ্য করে না।

دروغ اے برادر مگو زینہار	کہ کاذب بود خوار و بے اعتبار

উচ্চারণ ঃ দুরূগ আয় বেরাদর মাগো যীনাহার, কে কাযেব বুয়াদ খারো বে-এ'তেবার।

অর্থ ঃ হে ভাই! কখনো মিথ্যা বলবে না, কারণ মিথ্যুক সর্বদা অপমানিত ও অবিশ্বস্ত হয়।

زناراستی نیست کارے بتر	کزو گم شود نام نیک اے پسر

উচ্চারণ ঃ যে না-রা-স্তী নেস্ত কারে বতর, কাযূ গুম শাওয়াদ নামে নেক আয় পেছার।

অর্থ ঃ মিথ্যা অপেক্ষা খারাপ আর কোন কাজ নেই, হে বেটা! মিথ্যার কারণে সুনাম নষ্ট হয়

در صنعتِ حق تعالےٰ

দর ছান'আতে হক তা'আলা

আল্লাহ তা'আলার কারীগরীর বর্ণনায়

نگہ کن بریں گنبد زر نگار | کہ سقفش بود بے ستون استوار

উচ্চারণ ঃ নেগাহ্ কুন বরীঁ গুম্বাদে যর নেগার, কে ছাক্ফাশ্ বুয়াদ বে-ছুতুঁ উস্তুয়ার।

অর্থ ঃ তুমি সোনালী রঙ্গের আসমানের দিকে তাকাও, যে, তার ছাদ স্তম্ভ ছাড়া দাঁড়িয়ে আছে।

سراپردۂ چرخ گردندہ بیں | درو شمعہائے فروزندہ بیں

উচ্চারণ ঃ ছারা পর্দায়ে চারখে গার্দিন্দাহ্ বীঁ, দরূ শাম'আহায়ে ফরোযিন্দা বীঁ।

অর্থ ঃ ঘুর্নিমান আকাশকে দেখ, তার চকমকি উজ্জল বাতি নত্রগুলো দেখ।

یکے پاسبان ویکے پادشاہ | یکے دادخواہ ویکے باج خواہ

উচ্চারণ ঃ একে পাছবানো একে পাদশাহ্, একে দাদেখাহো একে বাজখাহ।

অর্থ ঃ দেখ এ পৃথিবীতে একজন প্রহরী আরেকজন বাদশাহ, একজন ফরিয়াদী আরেকজন খাজনা আদায়কারী।

یکے شادمان ویکے دردمند | یکے کامران ویکے مستمند

উচ্চারণ ঃ একে শাদমানো একে দর্দমান্দ, একে কা-মরানো একে মাস্ত-মান্দ।

অর্থ ঃ একজন হাসি-খুশী আরেকজন ব্যথিত-চিন্তিত, একজন সফলকাম অপরজন দঃখিত ও অক্ষম।

یکے باجدار و یکے تاجدار　　یکے سرفراز و یکے خاکسار

উচ্চারণ ঃ একে বাজদারো একে তাজদা-র, একে ছারফারাযো একে খাকছার।

অর্থ ঃ একজন খাজনা-টেক্স আদায়কারী, অপরজন রাজমুকুটের অধিকারী, একজন সম্মানিত অপরজন অপদস্ত ও লাঞ্ছিত।

یکے بر حصیر و یکے بر سریر　　یکے در پلاس و یکے در حریر

উচ্চারণ ঃ একে বর হাছীরো একে বর ছারীর, একে দর পালাছো একে দর হারীর।

অর্থ ঃ একজন চাটাইয়ের উপর বসে অপরজন সিংহাসনে, একজন চটবস্তায়, অপরজন রেশমী পোষাকে।

یکے بے نوا و یکے مالدار　　یکے نامراد و یکے کامگار

উচ্চারণ ঃ একে বে-নাওয়াও একে মালদার, একে না-মুরাদো একে কামগার।

অর্থ ঃ একজন অনাথ-দরিদ্র অপরজন সম্পদশালী, একজন ব্যর্থ অপরজন সফলকাম।

یکے در غنا و یکے در عنا　　یکے را بقا و یکے را فنا

উচ্চারণ ঃ একে দর গেনাও একে দর 'আনা, একে রা বাক্বাও একে রা ফানা।

অর্থ ঃ একজন ধন-সম্পদে ডুবে আছে অপরজন অতিকষ্টে জীবন যাপন করছে, একজন জীবিত অপরজন মৃত।

یکے تندرست و یکے ناتواں　　یکے سالخورد و یکے نوجواں

উচ্চারণ ঃ একে তান্দুরস্তো একে না তাওয়াঁ, একে ছালখোর্দো একে নওজাওয়াঁ।

অর্থ ঃ একজন সুস্থ-সবল অপরজন স্বাস্থ্যহীন দূর্বল, একজন বৃদ্ধ অপরজন যুবক।

یکے در صوابٗ یکے در خطا   یکے در دعا و یکے در دغا

উচ্চারণ ঃ একে দর ছাওয়াবো একে দর খাতা, একে দর দো'আ ও একে দর দাগা।

অর্থ ঃ একজন সুপথে অপরজন কুপথে, একজন দোয়ায় লিপ্ত অপরজন প্রতারণায় ব্যস্ত।

یکے نیک کردار و نیک اعتقاد   یکے غرق در بحر فسق و فساد

উচ্চারণ ঃ একে নে-ক কেরদারো নে-ক এ'তেক্বাদ, একে গারক্ব দর বাহরে ফেস্কো ফাসাদ।

অর্থঃ একজন সৎকর্মশীল এবং সঠিক বিশ্বাসের অধিকারী, অপরজন ডুবে আছে পাপকাজে ও ফাসাদে।

یکے نیک خلق و یکے تُند خوئے   یکے بردبار و یکے جنگ جوئے

উচ্চারণ ঃ একে নে-ক খুলকো একে তুন্দখোয়ে, একে বুর্দবারো একে জঙ্গজুয়ে।

অর্থ ঃ একজন সৎচরিত্রবান অপরজন অসৎ চরিত্রের অধিকারী, একজন ধৈর্যশীল অপরজন যুদ্ধবাজ-লড়াকু।

یکے در تنعم یکے در عذاب   یکے در مشقت یکے کامیاب

উচ্চারণ ঃ একে দর তানা'উম একে দর 'আযাব, একে দর মুশাক্কাত একে কামিয়াব।

অর্থ ঃ একজন আরাম আয়েশে অপরজন শাস্তিতে, একজন দুঃখে-কষ্টে অপরজন সফলকাম ও শান্তিতে।

یکے در جہانِ جلالت امیر   یکے در کمندِ حوادث اسیر

উচ্চারণ ঃ একে দর জাহানে জালা-লত আমীর, একে দর কামান্দে হাওয়াদেছ আছীর।

অর্থ ঃ একজন সম্মানের জগতের বাদশাহ, অপরজন বিপদাপদের চক্রে আবদ্ধ।

یکے در گلستانِ راحت مقیم   یکے باغم و رنج و محنت ندیم

উচ্চারণ ঃ একে দর গুলিস্তা-নে রাহাত মুক্বীম, একে বা-গমো রাঞ্জো মেহনত নাদীম।

অর্থ ঃ একজন আরামের বাগানে অবস্থান করছে, অপরজন চিন্তা-দঃখ ও পরিশ্রমের শিকার।

یکے را بروں رفت ز اندازہ مال   یکے در غمِ نان و خرجِ عیال

উচ্চারণ ঃ একে রা বেরূঁ রাফ্‌ত যে আন্দাযাহ মাল, একে দর গমে নানো খরচে 'আয়াল।

অর্থ ঃ একজন অঢেল ধন-সম্পদের অধিকারী, অপরজন নিজ রুজি-রুটি এবং পরিবারের খরচের চিন্তায় ডুবে আছে।

یکے چوں گل از خرّمی خندہ زن   یکے را دل آزردہ خاطر حزن

উচ্চারণ ঃ একে চুঁ গুলায খুররামী খান্দাযন, একেরা দেলা-যর্দা খাত্বের হাযান।

অর্থ ঃএকজন খুশিতে ফুলের ন্যায় হাসিমুখর, অপরজন ব্যথিত চিন্তিত ও মনক্ষুন্ন।

یکے بستہ از بہرِ طاعت کمر   یکے در گنہ بردہ عمرے بسر

উচ্চারণ ঃ একে বাস্তাহ্‌ আয বাহরে ত্বা'আত কমর, একে দর গুনাহ্‌ বোর্দা ওমরে বছার।

অর্থ ঃ একজন ইবাদতে কোমর বেঁধে লেগেছে, অপরজন পাপকাজে জীবন শেষ করছে।

یکے را شب و روز مصحف بدست   یکے خفتہ در کنجِ میخانہ مست

উচ্চারণ ঃ একেরা শবোরোয মাছহাফ বদস্ত, একে খোফ্‌তাহ্‌ দর গঞ্জে মায়খানা মস্ত।

অর্থ ঃ একজন দিনরাত কোরআন হাতে তেলাওয়াতে ব্যস্ত, অপরজন শারাবখানায় মাতাল হয়ে শুয়ে আছে।

یکے بر درِ شرع مسمار وار ۔ یکے در رہِ کفر زنّار دار

উচ্চারণ ঃ একে বর দরে শার'এ মিছমারে ওয়ার, একে দর রাহে কুফরে যুন্নার দার।

অর্থ ঃ একজন শরীয়তের দরজায় পেরেকের ন্যায় অটল,অপরজন কুফরীর পৈতা ধারণকরেছে।

یکے مقبل و عالم و ہوشیار ۔ یکے مدبر و جاہل و شرمسار

উচ্চারণ ঃ একে মুক্ববেলো 'আলেমো হোশিয়ার, একে মুদবেরো জাহেলো শারমেছার।

অর্থ ঃ একজন ভাগ্যবান আলেম ও বিচক্ষণ-সচেতন, অপরজন দর্ভাগা মূর্খ ও লজ্জিত।

یکے غازی و چابکُ پہلوان ۔ یکے بزدل و سُستُ و ترسندہ جان

উচ্চারণ ঃ একে গাযীয়ো চাবুকো পহ্‌লওয়াঁ, একে বুযদেলো ছুস্ত অতরছান্দা জাঁ।

অর্থ ঃ একজন মহাযোদ্ধা, বিচক্ষণ ও বীর, অপরজন ভীরু-দুর্বল জীবনের ভয়ে ভীত।

یکے کاتب اہل دیانت ضمیر ۔ یکے دُزد باطن کہ نامش دبیر

উচ্চারণ ঃ একে কাতেব আহলে দিয়ানত জমীর, একে দুযদে বাতেন কে নামশ দবীর।

অর্থ ঃ একজন বিশস্ত লিখক ও দ্বীনদার, অপরজন গোপন চোর নাম তার বিশ্বস্ত হিসাব রক্ষক।

در منع امید از مخلوقات

দর মানয়ে' উম্মীদ আয মাখলূক্বাত

সৃষ্টি থেকে আশা করা নিষেধ

ازیں پس مکن تکیہ بر روزگار ۔ کہ ناگہ زجانت برآرد دمار

উচ্চারণ ঃ আযীঁ পছ মাকুন্ তাকইয়া বর রোযগার, কে না-গাহ যে জা-নত ব্বারাদ দেমার।

অর্থ ঃ অবশেষে বলছি, জামানার উপর ভরসা করো না, কারণ যুগের পরিবর্তন একদিন তোমাকে মৃত্যুর দরজায় দাঁড় করিয়ে দেবে।

مکن تکیه بر لشکر بے عدد | که شاید ز نصرت نیابی مدد

উচ্চারণ ঃ মাকুন তাকইয়া বর লশকরে বে-'আদদ,কে শায়াদ যে নুসরাত নায়াবী মদদ।

অর্থ ঃ অসংখ্য সৈন্যের উপর ভরসা করো না, কারণ হয়ত তাদের সাহয্যে বিজয় লাভ করতে পারবে না।

مکن تکیه بر ملک و جاه و حشم | که پیش از تو بودست و بعد از تو هم

উচ্চারণ ঃ মাকুন তাকিয়া বর মুলকো জাহো হাশাম, কে পে-শায তু বূদাস্তো বা'দায তু হাম।

অর্থ ঃ রাজত্ব, পদমর্যাদা ও সেনাবাহিনীর উপর ভরসা করো না, কারণ এগুলো তোমার পূর্বের লোকদের ছিল, তোমার পরের লোকদের ও থাকবে।

مکن بد که بد بینی از یار نیک | نمی روید از تخم بد بار نیک

উচ্চারণ ঃ মাকুন বদ কে বদ বীনি আয ইয়ারে নে-ক, নমী রোয়াদ আয তাখমে বদ বা-রে নে-ক।

অর্থ ঃ তুমি কারো ক্ষতি করো না, তা না হলে তোমার ভাল বন্ধুরাও তোমার ক্ষতি সাধন করবে। কারণ খারাপ বীজ থেকে কখনো ভাল ফসল উৎপাদন হয় না।

بسا پادشاهان سلطان نشان | بسا پهلوانان کشورستان

উচ্চারণ ঃ বছা পাদশাহানে সুলতাঁ নেশাঁ, বছা পাহলওয়ানা-নে কেশওয়ার সেতাঁ।

অর্থ ঃ অনেক প্রভাবশালী রাজা বিজয়ী, অনেক বীর রাষ্ট্রপতি।

بسا تند گردان لشکر شکن | بسا شیر مردان شمشیر زن

উচ্চারণ ঃ বছা তুন্দ গরদানে লশকর শেকান, বছা শেরে মরদানে শামশীরে যন।

অর্থ ঃ বহু বীর বাহাদুর সেনাবাহিনীকে পরাস্ত-কারী, বহু সিংহের মত দুঃসাহসী ও তরবারী চালনাকারী।

بسا ماہرویان شمشاد قد   بسا نازنینان خورشید خد

উচ্চারণ ঃ বছা মা-হে রোয়ানে শামশাদে ক্বদ, বছা নাযেনীনানে খোরশীদে খদ।

অর্থ ঃ বহু সুন্দর চেহারা ও সুঠাম দেহের অধিকারী, বহু পাতলা শরীর ও সুর্যের ন্যায় চেহারার অধিকারী।

بسا ماہرویان نوخاستہ   بسا نوعروسان آراستہ

উচ্চারণ ঃ বছা মাহে রোয়ানে নও খাস্তাহ্, বছা নও 'আরূছানে আ-রাস্তাহ্।

অর্থ ঃ অনেক যুবক যারা চন্দ্রের ন্যায় চেহারার অধিকারী, অনেক সুসজ্জিত নববধুগণ।

بسا نامدار و بسا کامگار   بسا سروقدو بسا گلعذار

উচ্চারণ ঃ বছা নামদারো বছা কামগার, বছা ছারভেক্বদ্দো বছা গুল'এযার।

বহু বিখ্যাত বাদশাহ্ বহু সফলকাম, বহু সরুগাছের ন্যায় সুঠাম দেহ ও বহু ফুলের ন্যায় চেহারার অধিকারী।

کہ کردند پیراہنِ عمر چاک   کشیدند سر در گریبانِ خاک

উচ্চারণ ঃ কে করদানে পীরা-হানে ওমর চাক্ব, কাশীদান্দ ছার দর গেরে-বানে খাক।

অর্থ ঃ একদিন তারা সবাই জীবনের জামাকে ছিঁড়ে ফেলেছে এবং মাটির নিচে মাথা রেখেছে।

چناں خرمنِ عمر شاں شد بباد   کہ ہرگز کسے زاں نشانے نداد

উচ্চারণ ঃ চুনা খিরমানে ওমরেশাঁ শোদ ববাদ, কে হার্গেয কাছে যাঁ নেশানে নাদা-দ।

অর্থ ঃ এমনিভাবে তাদের জীবন বরবাদ হয়েছে যে, কেউ তাদের নাম-নিশান পর্যন্ত জানে না।

منہ دل بریں منزل جانستاں	کہ دروے نہ بینی دلے شادماں

উচ্চারণ ঃ মানেহ্ দেল বরী মানযেলে জাঁ সেতাঁ, কে দর ওয়ে নাবীনী দেলে শাদমাঁ।

অর্থ ঃ তুমি প্রাণসংহারকারী দুনিয়ার প্রতি মন দিও না, কারণ তুমি এখানে কাউকেই হাঁসি-খুশী দেখবে না।

منہ دل بریں کاخ خرّم ہوا	کہ می باردازآسمانش بلا

উচ্চারণ ঃ মানেহ্ দেল বরী কাখে খুররম হাওয়া, কে মী বা-রদায আছমানশ বালা।

অর্থ ঃ তুমি উন্মুক্ত বাতাস ও মনোরম পৃথিবীতে মন দিও না, কারণ তার আকাশ হতে সর্বদা বালা-মুসীবত বর্ষিত হয়।

ثباتے نہ دارد جہاں اے پسر	بغفلت مبر عمر درو ے بسر

উচ্চারণ ঃ ছোবা-তে নাদারাদ জাহাঁ আয় পেছার, বাগাফলাত মাবার ওমর দর ওয়ে বাছার।

অর্থ ঃ হে বেটা! এই পৃথিবীর কোন স্থিরতা-অটলতা নেই, তাই উদাসীনতার সাথে তোমার মূল্যবান জীবন নষ্ট করো না।

مکن تکیہ برملک وفرماندہی	کہ ناگہ چو فرما رسد جاں دہی

উচ্চারণ ঃ মাকুন তাকিয়া বর মুলকো ফরমাদেহী, কে না-গাহ্ চু ফরমাঁ রছদ জাঁ দেহী।

অর্থ ঃ তুমি রাষ্ট্র পরিচালনার উপর ভরসা করো না, কারণ যখন আল্লাহর নির্দেশ আসবে, তোমার জীবন দিতে হবে।

منہ دل بریں دیر ناپائدار	زسعدی ہمیں یک سخن یاددار

উচ্চারণ ঃ মানেহ্ দেল বরী দায়রে না পা-য়েদার, যে ছা'দী হামী এক ছাখুন ইয়াদ দার।

অর্থ ঃ এ ক্ষণস্থায়ী দুনিয়ার প্রতি মনযোগ দিও না, (শেখ) সা'দীর পক্ষ থেকে এ একটি বাণীই মনে রেখ।

আমাদের প্রকাশিত বই সমূহ ঃ

- ❋ উর্দূ কা কায়েদা (আঞ্জুমানে হেমায়েতে ইসলাম)
- ❋ উর্দূ কী পহেলী (আঞ্জুমানে হেমায়েতে ইসলাম)
- ❋ উর্দূ কা কায়েদা (বাংলা ঃ আঞ্জুমানে হেমায়েতে ইসলাম)
- ❋ উর্দূ কী পহেলী (বাংলা ঃ আঞ্জুমানে হেমায়েতে ইসলাম)
- ❋ উর্দূ কী দুসরী (আঞ্জুমানে হেমায়েতে ইসলাম)
- ❋ তা'লীমুল ইসলাম (১ম, ২য়, ৩য়, ৪র্থ)
- ❋ তা'লীমুল ইসলাম (বাংলা ঃ ১ম, ২য়, ৩য়, ৪র্থ)
- ❋ রাহে নাজাত (উর্দূ/বাংলা)
- ❋ চেহেল সবক
- ❋ তারিখুল ইসলাম (১ম, ২য়)
- ❋ তারিখুল ইসলাম ১-৩ (বাংলা)
- ❋ দুরুছুল বালাগাত (বাংলা)
- ❋ বেহেশতী গাওহার (উর্দূ/বাংলা)
- ❋ খেলাফতে রাশেদা (বাংলা)
- ❋ জামালুল কোরআন (উর্দূ/বাংলা)